



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১৬/০৫/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ  
রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক সান্তনা ঔষধালয় আয়ুর্বেদিক  
ফ্যাক্টরীতে অভিযান।




অভিযান এর ছবি

অদ্য ১৬-০৫-২০২২ খ্রি. ১৩.০০ ঘটিকায় রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনা ও সার্বিক তত্ত্বাবধানে, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় রংপুর জেলা প্রশাসনের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব আঁখি শেখ এর নেতৃত্বে ঔষধ প্রশাসন অধিদপ্তর, রংপুর এর প্রতিনিধির উপস্থিতিতে আরপিএমপি গোয়েন্দা বিভাগের পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ শওকত আলী সরকার, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ, এসআই (নিঃ) স্বপন কুমার রায় ও সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি, রংপুর হারাগাছ থানাধীন বাহার কাছনাছ 'সান্তনা ঔষধালয়' নামক আয়ুর্বেদিক ঔষধ ফ্যাক্টরীতে ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করা হয়।

উক্ত প্রতিষ্ঠানের কাগজপত্র যাচাইকালে ফ্যাক্টরীর মালিক কোনো বৈধ কাগজপত্র প্রদর্শন করতে পারেন নাই। পাশাপাশি অস্বাস্থ্যকর পরিবেশে কেমিস্ট ছাড়াই ঔষধ প্রস্তুত প্রস্তুতকরণ, কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার ব্যবস্থা না থাকা এবং নানাবিধ অব্যবস্থাপনার দায়ে ঔষধ প্রশাসন অধিদপ্তর, রংপুর এর প্রতিনিধির উপস্থিতিতে নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব আঁখি শেখ ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ঔষধ আইন ১৯৪০ এর ১৮(A), ও ২২(H), ধারা মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের মালিক মোঃ সদরুল আনাম (৫০), পিতা- মৃত এশারত উল্লাহ, সাং- বাহার কাছনা, ওয়ার্ড- ০৯, থানা- হারাগাছ, রংপুর মহানগর, রংপুরকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা, অনাদায়ে ০১ (এক) মাসের বিনাশ্রম কারাদন্ডের আদেশ দেন এবং আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানটিকে সিলগালা করে দেন।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরণের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-  
অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

  
১৬.০৫.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১